আলমডাঙ্গায় সৈনিক কল্যাণ সংস্থার ভ্রাম্যমাণ দোকান

আলমডাঙ্গায় অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনী সৈনিক কল্যাণ সংস্থার উদ্যোগে মূল্য ছাড়ে ভ্রাম্যমান ভাবে কিছু নিত্য প্রয়োজনীয় দ্রব্য বিক্রি শুরু করেছে।
পবিত্র রমজানে মাস উপলক্ষে তারা ক্রেতা সাধারনের সুবিধার্থে বাজারের বিক্রিত পন্যের চেয়ে কম দামে বিক্রি করছেন।
বিক্রিত মালামালের মধ্যে রয়েছে সয়াবিন ও সরিষার তৈল, চা, অরেঞ্জ ড্রিকস, সফট ড্রিকস মধু, ডিটারজেন্ট পাউডার, টয়লেট ক্লিনার, হ্যান্ড ওয়াসসহ বেশকিছু পন্য।
প্রতিদিন সকাল থেকে বিকেল পর্যন্ত ভ্যান, অটো রিকসায় করে শহরের বিভিন্ন স্থানে ঘুরে ঘুরে এসব মালামাল বিক্রি করা হচ্ছে। অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনী সৈনিক কল্যাণ সংস্থার সভাপতি সার্জেন্ট মুনছুর আলী, সাধারন সম্পাদক সার্জেন্ট (অব) লিয়াকত আলী ও বিমান বাহিনীর (অব:) ওয়ারেন্ট অফিসার রওশন আলী এ কার্যক্রম পরিচালনা করছেন।
সংস্থার সভাপতি মুনছুর আলী জানান, পৃথিবীর অন্যান্য দেশে বাৎসরিক উৎসবের দিনগুলোতে ওইসব দেশের ব্যবসায়ীরা সকল পণ্যের উপর মুল্য ছাড় দিয়ে থাকেন ।
আমরা আলমডাংঙ্গার সামরিক সদস্যরা পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে কিছু নিত্য প্রয়োজনীয় ভোগ্য সামগ্রী মুনাফাবিহীন মুল্যে সাধারন মানুষের হাতে তুলে দেবার চেস্টা করছি । এ সুবিধা শুধু মাত্র পবিত্র ঈদুল ফিতর পর্যন্ত থাকবে। এজন্য সকলের সহযোগিতা কামনা করি।

দামুড়হুদায় ভ্রাম্যমাণ আদালতে জেল জরিমানা

দামুড়হুদার বাজারে মালিক সুপার মার্কেটে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালিত করেন ।
শনিবার দুপুরে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান দামুড়হুদা বাজারে মালিক সুপার মার্কেটে এই ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, মহামারী করোনা ভাইরাসের সংক্রমণ রোধে ও লকডাউন বাস্তবায়নে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান দামুড়হুদার বাজারে মালিক সুপার মার্কেটে ভ্রাময়মাণ আদালত পরিচালনা করার সময় মাস্ক পরিধান না করা, স্বাস্থ্যবিধি না মানার অপরাধে দুই জনকে জেল জরিমানা করা হয়েছে অনাদায়ে ১জনকে তিন দিনের জেল আরও একজনের ৫০০ টাকা জরিমানা আদায় করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান।
এসময় তিনি বলেন, সকলে সরকারি নির্দেশনা মেনে চলুন সুস্থ থাকেন। সরকারি নির্দেশনা অমান্য করলে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে। অপ্রয়োজনে বাড়ির বাহিরে বের হবেন না। নিজে ও পরিবার কে ঝুকিতে ফেলবেন না। লকডাউন বাস্তবায়ন প্রশাসন কে সহযোগিতা করুন। আদালত পরিচালনায় সহযোগীতা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের পেশকার জিহন আলিও দামুড়হুদা থানা পুলিশ প্রমুখ।

মেহেরপুরে ‘শততথ্যে জাতির পিতা’ শীর্ষক প্রকাশনার বিতরণ কার্যক্রমের উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মুজিববর্ষে শত ঘন্টা মুজিবচর্চা উপলক্ষে মুজিব শতবর্ষে মেহেরপুর জেলার শিক্ষার্থীদের মাঝে ‘শততথ্যে জাতির পিতা’ শীর্ষক প্রকাশনার বিতরণ কার্যক্রম এর উদ্বোধন করা হয়েছে।

শনিবার দুপুরের দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জুমের মাধ্যমে শততথ্যে জাতির পিতা’ শীর্ষক প্রকাশনার বিতরণ কার্যক্রম এর উদ্বোধন করা হয়।
জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে জুমের মাধ্যমে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি এমপি। মুজিববর্ষে শতঘন্টা মুজিবচর্চা সম্মানিত অতিথি ও মুখ্য উপদেষ্টা জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এম.পি।

বিশেষ উপস্থিতি হিসেবে উপস্থিত ছিলেন, নড়াইল-২ আসনের সংসদ সদস্য

মাশরাফি বিন মর্তুজা। জুমের মাধ্যমে আরও উপস্থিত ছিলেন, এসময় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড.কামাল আবদুল নাসের চৌধুরী।

বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাইদুজ্জামান খোকন, খুলনা বিভাগের বিভাগীয় কমিশনার ইসমাইল হোসেন এনডিসি, পুলিশ সুপার এস এম মুরাদ আলি। অনুষ্ঠানে অন্যদের মধ্যে পিপি পল্লব ভট্টাচার্য, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের আহবায়ক প্রফেসর হাসানুজ্জামান মালেক প্রমূখ উপস্থিত ছিলেন।

শৈলকুপায় তিন শতাধিক মোটর শ্রমিকদের মাঝে প্রণোদনার সামগ্রী বিতরণ

ঝিনাইদহের শৈলকুপায় তিনশতাধিক মোটর শ্রমিকের মাঝে সরকারি প্রণোদনার সামগ্রী বিতরণ করেন শৈলকুপা উপজেলা নির্বাহী কর্মকর্তা, এসময় শ্রমিকদেরকে ১০কেজি চাউল ও ২০০টাকার নগদ সহায়তা প্রদান করা হয়। শ্রমিকরা সরকারি সহায়তা পেয়ে খুশি বলে তারা জানান। শনিবার বেলা একটার দিকে উপজেলা চত্বরে এ প্রণোদনার সামগ্রী বিতরণ করা হয় ।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতিমা লিজা,উপজেলা চেয়ারম্যান শেফালী বেগম, উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবী কালু ও সহকারী কমিশনার (ভূমি) পার্থপ্রতিম শীল।

কুষ্টিয়ায় মে দিবস পালন

কুষ্টিয়ায় ১৩৫ তম আন্তর্জাতিক শ্রমিক দিবস বা মে দিবস পালন করা হয়েছে।

দিবসটি উপলক্ষে শনিবার সকালে কুষ্টিয়া কালেক্টরেট চত্বরে বঙ্গবন্ধুর ভাস্কর্যে পুষ্পস্তর্বক অর্পন করেন জেলা প্রশাসক মোহাম্মদ সায়েদুল ইসলাম। জাতীয় শ্রমিক লীগ কুষ্টিয়া জেলা শাখা।

এসময় কুষ্টিয়া জেলা জাতীয় লীগের যুন্ম সাধারণ সম্পাদক এইচ এম মতিউর রহমান, জাতীয় মহিলা শ্রমিক লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সহ-সভাপতি ও জাতীয় মহিলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মেহেরুন নেসা বিউটি, জাতীয় শ্রমিক লীগ কুষ্টিয়া জেলা শাখার সহ-সভাপতি মোঃ জিল্লুর রহমান, যুন্ম সাধারণ সম্পাদক মোঃ হামিদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মোঃ তরিকুল হাসান মিন্টু কুষ্টিয়া শহর শ্রমিক লীগের সভাপতি দেওয়ান মাসুদুর রহমান স্বপন, কুষ্টিয়া শহর শ্রমিক লীগের যুন্ম সাধারণ সম্পাদক মোঃ শরিফুল ইসলাম রিপন, কুষ্টিয়া জেলা মটর শ্রমিক লীগের সভাপতি মোঃ সিদ্দিকুর রহমান, সাধারণ সম্পাদক মোঃ মানিক প্রমুখ উপস্থিত ছিলেন৷

এদিকে মহান মে দিবস উপলক্ষ্যে র্যালি ও আলোচনা সভা করেছে কুষ্টিয়া জেলা সেনেটারী মোজাইক ও রংমিস্ত্রী সংযুক্ত নির্মাণ শ্রমিক ইউনিয়ন।

সকালে শহরের পুরাতন কাটাইখানা মোড় থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করে সংগঠনটি।

শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে পুরাতন কাটাইখানা মোড় ৩ নং সমবায় মার্কেটের নিজ কার্যালয়ে এসে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তারা, মে দিবস উপলক্ষ্যে ও মেহনতি শ্রমিকদের দাবী আদায়ের লক্ষ্যে আলোচনা করেন। এ সময় জেলা সেনেটারী মোজাইক ও রংমিস্ত্রী সংযুক্ত নির্মাণ শ্রমিক ইউনিয়ন সভাপতি মো: সেকেন ও সাধারন সম্পাদক মো: জাকির, সিনিয়র সম্পাদক নুরু মিয়া, সহ-সভাপতি ফকির আলাউদ্দিন শাহ, মো: এজাজসহ ইউনিয়নের কার্যপরিষদের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

এ ছাড়া জেলা মটর শ্রমিক ইউনিয়ন, হোটেল রেস্তোরা শ্রমিক

ফেডারেশন, পৌরসভা শ্রমিক ইউনিয়নসহ বিভিন্ন শ্রমিক সংগঠন দিনটি পালনে পৃথক পৃথক র্যালি, আলোচনা সভা ও সমাবেশ করেছে।

১লা মে দিবসে ইমারত নির্মাণ শ্রমিকদের মানববন্ধন নিজস্ব প্রতিনিধি

‘দুনিয়ার মজদুর এক হও এক হও’- এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরে ১লা মে আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে বিভিন্ন দাবি নিয়ে মানববন্ধন করেছে জেলা ইমারত নির্মাণ শ্রমিককেরা। শনিবার সকালে জেলা ইমারত নির্মানকারীর অফিস কার্যালয়ের সামনে এ মানববন্ধনে সভাপতিত্ব করেন ইমারত নির্মানকারী শ্রমিক ইউনিয়নের সভাপতি আব্দুল করিম। মানববন্ধনে বক্তব্য রাখেন সহ-সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, সহ সাধারণ সম্পাদক রাসেল, সাংগঠনিক সম্পাদক আলেক উদ্দিন, কোষাধ্যক্ষ খন্দকার নাফিজুর রহমান, সাবেক সভাপতি আবুল হোসেন প্রমূখ।

এসময় ইমারত নির্মানকারী শ্রমিক ইউনিয়নের প্রচার সম্পাদক মিলন আলী, দপ্তর সম্পাদক মোতালেব শেখ, শ্রম ও কল্যান সম্পাদক জালাল উদ্দিন, সাংস্কৃতিক ও ক্রিড়া সম্পাদক ইসরাফিল হোসেন, সদস্য মজনু সরদার, মাজেদুল হক, ছাবদার আলী, ফিরোজ আলীসহ ইউনিয়নের সাধারন সদস্য উপস্থিত ছিলেন।
মানববন্ধনে বক্তরা বলেন, এই করোনা মহামারীতে আমরা অসহয়ত্বে মত জীবনযাপন করছি। কোন আর্থিক সহায়তা পাচ্ছি না সেই সাথে শ্রমিকের দাবি পুরণ হচ্ছে না। সরকারের কাছে শ্রমিকদের আর্থিক প্রনোদনার দাবি জানাচ্ছি।

মেহেরপুরের বিদুৎপৃষ্টে এক ব্যক্তির মৃত্যু

মেহেরপুর পৌর শহরে বিদ্যুৎপৃষ্টে ফজলুল হক (৬৫) নামের এক ব্যবসায়ীর মৃত্যু হয়েছে। শনিবার সকালে মেহেরপুর শহরের আলিয়া মাদ্রাসা সংলগ্ন এলাকায় এ ঘটনা ঘটে। ফজলুল হক মেহেরপুর শহরের বাসষ্ট্যান্ড কাজিপাড়ার আজগর আলী শেখের ছেলে।
স্থানীয়রা জানান,ফজলুল হক সকালে তার পুকুরে পানি দেওয়ার জন্য বৈদ্যুতিক মটরের সুইসে চাপ দেওয়ার সময় বিদ্যুৎপৃষ্ট হয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। পরে পথচারীরা তার মরদেহ পড়ে থাকতে দেখে পরিবারের সদস্যদের খবর দিলে স্থানীয়দের সহযোগিতায় মরদেহ উদ্ধার করে বাড়িতে নিয়ে আসে।

কুষ্টিয়ায় বৃদ্ধাশ্রমে শাড়ী, শুকনা খাবার, ঔষধ ও মাস্ক বিতরণ

কুষ্টিয়ায় পুলিশ নারী কল্যান সমিতি (পুনাক)’র উদ্যোগে বৃদ্ধ মহিলাদের মাঝে মাস্ক, শুকনো খাবার, শাড়ী-কাপড় ও ঔষধপত্রাদি বিতরণ করা হয়েছে।
গতকাল শুক্রবার সকালে কুষ্টিয়া শহরের পূর্বমজমপুর এলাকায় উদয় সমাজ উন্নয়ন সংস্থার “মা ও শিশু পূনর্বাসন কেন্দ্রে’র ৩০ জন বৃদ্ধাদের মাঝে এসব বিতরণ করা হয়।

কুষ্টিয়ার পুলিশ সুপার মোঃ খাইরুল আলমের সহধর্মিণী ও পুনাকের সভানেত্রী দিলরুবা আলম প্রধান অতিথি হিসেবে এ মহতি কার্যক্রমে অংশ গ্রহণ করেন।
পুনাক সভানেত্রী পূনর্বাসন কেন্দ্রের সকলের সাথে মতবিনিময়ে তাদের খাদ্য, বস্ত্র, বাসস্থান ও চিকিৎসা সেবাসহ বিভিন্ন সমস্যার কথা জানতে পারেন এবং মা ও শিশু পূনর্বাসন কেন্দ্রের বৃদ্ধ মহিলাদের

পাশে থেকে সেবা করার প্রত্যাশা ব্যক্ত করেন।

এসময় পুনাকের সাধারণ সম্পাদিকা খায়রুন নেসা ও পুনাক কুষ্টিয়ার অন্যান্য সদস্যবৃন্দসহ উদয় সমাজ উন্নয়ন সংস্থার “মা ও শিশু পূনর্বাসন কেন্দ্রে”র পরিচালক অ্যাড. মিঠু, শিল্পী আক্তার উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় বিক্রয় প্রতিনিধি জোটের ইফতার মাহফিল

আলমডাঙ্গায় বিক্রয় প্রতিনিধি জোট এর উদ্যোগে ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শুক্রবার পৌর এলাকার হারেজ ডাক্তারের বাগান বাড়িতে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বিক্রয় প্রতিনিধি জোটের কেন্দ্রীয় কমিটির সদস্য আল আমিন হুসাইনের উপস্থিত ছিলেন রাকিবুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা শাখার প্রধান উপদেষ্টা মোহাম্মদ শিমুল হোসেন, আলমডাঙ্গা উপজেলা শাখার আহবায়ক আজিজুল হাকিম, যুগ্ন আহ্বায়ক জন বিশ্বাস, সদস্য সচিব আবদুল মান্নান, সহকারী সদস্য সচিব হারুন-অর-রশিদ, অর্থসচিব সাখাওয়াত হোসেন, সহকারী অর্থসচিব লোকমান হোসেন, কার্যনির্বাহী সদস্য ফজলুর রহমান, শাহানুরসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

লকডাউনে কাজ পাচ্ছে না দিনমজুররা

সিরাজুদ্দোজা পাভেল